

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ

বাস্তবায়ন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ১১ই জ্যৈষ্ঠ ১৪০৬/২৫শে মে ১৯৯৯

এস, আর, ও নং ১০৮-আইন/৯৯/অম/অবি(বাস্ত-১)জাঃ বেঃ স্কেল-১/৯৭/১২৫—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section-5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও নং ২৪২ আইন/৯৭/অম/অবি(বাস্ত-১)জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭, তারিখ ৬ই কার্তিক, ১৪০৪ বাং মোতাবেক ২১শে অক্টোবর, ১৯৯৭ এর মাধ্যমে জারীকৃত চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনূচ্ছেদ ৬ এর উপ-অনূচ্ছেদ (৮) এর পর নিম্নরূপ নতুন উপ-অনূচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা:—

“(৯) ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে ৩০শে জুন, ১৯৯৮ তারিখের মধ্যে মৃত্যুবরণকারী কোন কর্মকর্তা বা কর্মচারীর পরিবারকে, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরণ সাপেক্ষে, উপ-অনূচ্ছেদ (৮) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে পেনশন ও আনুতোষিক প্রদান করা হইবে।

(২৬১১)

মূল্য : টাকা ১-০০

- (১০) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ কার্যকর হওয়ার তারিখ হইতে ০১-০৭-১৯৯৮ তারিখের পূর্বে যে সকল ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমন করিয়াছেন তাহাদের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৮) এর সুবিধা প্রযোজ্য হইবে, তবে ঐ সকল ব্যক্তির অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন লীড স্যালারীর প্রাপ্যতা প্রচলিত বিধি-বিধান/সরকারী আদেশ অনুযায়ী বহাল থাকিবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান

অর্থ সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,
ঢাকা কর্তৃক মন্ত্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।